১৫ ফেব্রুয়ারি, ২০২৬

# স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে বৈঠকের পর পদত্যাগের গুঞ্জন আইজিপির



আইজিপি বাহারুল আলম। ছবি: সংগৃহীত

রোববার দুপুরে প্রশাসনিক অঙ্গনে হঠাৎই আলোচনা শুরু হয়—চুক্তিভিত্তিক নিয়োগ পাওয়া আইজিপি বাহারুল আলম নাকি পদত্যাগ করেছেন। স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও পুলিশ সদর দপ্তরে বিষয়টি নিয়ে নানা কথা ছড়ালেও বিকেলে নিজেই সেই খবর অস্বীকার করেন তিনি।

যোগাযোগের জন্য তার মোবাইল ফোনে কল ও হোয়াটসঅ্যাপে বার্তা পাঠানো হলে বিকেল ৫টা ৪ মিনিটে জবাব আসে। সংক্ষিপ্ত প্রতিক্রিয়ায় তিনি জানান, পদত্যাগের খবর সঠিক নয়। এর আগে জানুয়ারিতে সরকারি পাসপোর্ট জমা দিয়ে সাধারণ পাসপোর্টের আবেদন করার বিষয়টি সামনে আসায় গুঞ্জন আরও জোরালো হয়।

সংশ্লিষ্ট সূত্র জানায়, রোববার সকাল থেকে দুপুর পর্যন্ত তিনি দাপ্তরিক কাজ করেন। পরে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে গিয়ে ২১ ফেব্রুয়ারি আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে নিরাপত্তা সংক্রান্ত প্রস্তুতি বৈঠকে অংশ নেন। ওই বৈঠক শেষ হওয়ার পরই পদত্যাগের আলোচনা ছড়িয়ে পড়ে।

২০২৪ সালের ৫ আগস্ট আওয়ামী লীগ সরকারের পতনের পর প্রশাসনের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে পরিবর্তন আনা হয়। সেই ধারাবাহিকতায় ২১ নভেম্বর বাহারুল আলমকে দুই বছরের জন্য চুক্তিভিত্তিক আইজিপি হিসেবে দায়িত্ব দেওয়া হয়। তিনি এর আগে ২০২০ সালে অবসর নেন। বর্তমান চুক্তি অনুযায়ী তার মেয়াদ চলতি বছরের ২১ নভেম্বর পর্যন্ত থাকার কথা।